

প্রেস রিলিজ

তারিখ: ১৫ মে ২০২৬

বাউবি' র এমএ ও এমএসএস (প্রিলিমিনারি ও ফাইনাল) পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত এমএ (MA) এবং এমএসএস (MSS) প্রোগ্রামের প্রিলিমিনারি ও ফাইনাল পরীক্ষার কেন্দ্র আজ শুক্রবার (১৫ মে ২০২৬) পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

উপাচার্য বাউবি' র গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে অনুষ্ঠিত পরীক্ষার বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন এবং সার্বিক পরীক্ষা কার্যক্রমের খোঁজখবর নেন। এ সময় তিনি পরীক্ষার সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশ বজায় রাখায় সংশ্লিষ্ট সকলের প্রতি সন্তোষ প্রকাশ করেন।

দেশব্যাপী বাউবি' র ১২টি আঞ্চলিক কেন্দ্রের অধীন নির্ধারিত পরীক্ষা কেন্দ্রসমূহে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এবারের পরীক্ষায় বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজতত্ত্ব বিষয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করছেন।

সূচি অনুযায়ী, এমএ এবং এমএসএস প্রোগ্রামের ১ম সেমিস্টার প্রিলিমিনারি (২৫১ টার্ম), ২য় সেমিস্টার প্রিলিমিনারি (২৪২ টার্ম) এবং ২য় সেমিস্টার ফাইনাল (২৩২ টার্ম)-এর পরীক্ষাসমূহ প্রতি সপ্তাহে দুই শিফটে অনুষ্ঠিত হচ্ছে। প্রথম শিফটের পরীক্ষা সকাল ৯:০০টা থেকে দুপুর ১:০০টা পর্যন্ত এবং দ্বিতীয় শিফটের পরীক্ষা দুপুর ২:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। পরীক্ষাসমূহ আগামী ১৭ জুলাই ২০২৬ পর্যন্ত চলবে।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক তানভীর আহসান এবং একই স্কুলের সহযোগী অধ্যাপক খান মোঃ মনোয়ারুল ইসলাম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন স্টাডি সেন্টারসমূহের এমএ ও এমএসএস প্রোগ্রামের ১ম ও শেষ পর্বের শিক্ষার্থীদের পরীক্ষা বাউবি' র গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে অনুষ্ঠিত হচ্ছে।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)